দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 18 MAY 2016 ...
পৃষ্ঠা ...১৮... কলাম ...৬...

অধ্যাপক রেজাউল হত্যা

# শিক্ষক সমিতি ও ইংরেজী বিভাগের আন্দোলন স্থগিত

**স্টাফ রিপোর্টার, রাজশাহী/রাবি সংবাদদাতা ।** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজী বিভাগের অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যার বিচার দাবিতে চলমান আন্দোলন স্থগিত করেছে রাবি শিক্ষক সমিতি এবং ইংরেজী বিভাগ। শিক্ষক হত্যা মামলায় জড়িত থাকার কথা স্বীকার করে এক জেএমবি সদস্যের আদালতে জবানবন্দী দেয়ার পর দিন মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের জুবেরী ভবনে সংবাদ সম্মেলন করে সমিতির নেতারা আন্দোলন স্থগিতের ঘোষণা দেন। তারা মনে করছেন নৃশংস এ হত্যাকাণ্ড তদন্ত করে দোষীদের শাস্তি বিধানে সরকার আন্তরিক। সংবাদ সম্মেলনে রাবি শিক্ষক সমিতির সাধারণ অধ্যাপক শাহ্ আজম বলেন, গত ১৪ ও ১৫ মে সরকারের তিন মন্ত্রী এসে শিক্ষক হত্যার দ্রুত বিচারের আশ্বাস দিয়েছেন।